

শিক্ষা

ঢাকা ও চট্টগ্রাম শিক্ষা বোর্ডে নতুন চেয়ারম্যান

বিশেষ প্রতিবেদক ঢাকা



শিক্ষা মন্ত্রণালয় ফাইল ছবি

ঢাকা এবং চট্টগ্রাম মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডে নতুন চেয়ারম্যান নিয়োগ দিয়েছে সরকার। এর মধ্যে ঢাকা শিক্ষা বোর্ডে চেয়ারম্যান হিসেবে নিয়োগ পেয়েছেন একই বোর্ডের সচিব অধ্যাপক তপন কুমার সরকার। কিছুদিন ধরে একই শিক্ষা বোর্ডের চেয়ারম্যানেরও রুটিন দায়িত্বও পালন করে আসছিলেন তিনি। অন্যদিকে চট্টগ্রাম শিক্ষা বোর্ডে চেয়ারম্যান হিসেবে নিয়োগ পেয়েছেন চট্টগ্রামের সরকারি সিটি কলেজের রাষ্ট্রবিজ্ঞানের অধ্যাপক মুস্তফা কামরুল আখতার।

বিজ্ঞাপন

আজ সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের পৃথক প্রজ্ঞাপনে ওই দুজনকে চেয়ারম্যান হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। দুই বোর্ডেই চেয়ারম্যানের পদটি শূন্য ছিল।

প্রজ্ঞাপনে বলা হয়, চেয়ারম্যান হিসেবে তাঁরা নিজ বেতনক্রম অনুযায়ী বেতনভাতা গ্রহণ করবেন। তবে পদসংশ্লিষ্ট ভাতা ও অন্যান্য সুবিধা পাবেন। এ ছাড়া বোর্ড কর্তৃপক্ষ তাঁদের বিনা ভাড়ায় বাসস্থানের ব্যবস্থা করলে তাঁরা বাড়িভাড়া ভাতা গ্রহণ করতে পারবেন না। আর সরকারি বাসায় বসবাস করলে বাড়িভাড়াসহ যাবতীয় সরকারি পাওনা নিজ দায়িত্বে ট্রেজারি চালানের মাধ্যমে সংশ্লিষ্ট খাতে জমা দিতে হবে।



 prothomalo.com

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ত্ব © ২০২২ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy. [OK](#)